

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৬৩
পানিসাগর, ৪ জানুয়ারি, ২০২৪

পানিসাগর মহকুমায় ৭৫ তম প্রজাতন্ত্র দিবসে নানা কর্মসূচি

পানিসাগর মহকুমায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ৭৫ তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হবে। সম্প্রতি পানিসাগর মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে এ উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পানিসাগর মহকুমা শাসক সুভাষ আচার্যের সভাপতিত্বে আয়োজিত সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববৰ্মা, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং বিভিন্ন সামাজিক সংস্থার প্রতিনিধিগণ। সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত নেওয়া হয়, ২১ জানুয়ারি পানিসাগর মহকুমাভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন অনুষ্ঠান পানিসাগর টাউন হলে সকাল ১১ টায় অনুষ্ঠিত হবে। ২৩ জানুয়ারি নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে নেতাজী নিউ ভয়েস ক্লাবস্থিত নেতাজীর মর্মর মূর্তিতে মাল্যদান ও আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। ২৬ জানুয়ারি প্রভাতক্রোতৃর মধ্যদিয়ে প্রজাতন্ত্র দিবস উদযাপনের সূচনা হবে। ঐদিন সকাল ৯টায় পানিসাগর পঞ্চায়েত সমিতি কার্যালয় প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন সহ কুচকাওয়াজ প্রদর্শন ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। তাছাড়াও প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়া আগামী ২৫ ও ২৬ জানুয়ারি পানিসাগর টাউন হলে প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসাবে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। সভায় পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস এবং প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেছেন।
